



আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, বিএআরআই, মাদারীপুর এর উদ্যোগে ডাল চাষী উদ্বুদ্ধকরণ সফর অনুষ্ঠিত হয়- ১৩, ১৪ ও ১৫ মে/২০২৫ খ্রি। উক্ত সফরে গোপালগঞ্জ, পটুয়াখালী ও বরিশাল জেলার কতিপয় ডাল ফসলের মাঠ পরিদর্শন করেন ড. সেলিম আহম্মেদ, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, আরপিআরএস, মাদারীপুর। তিনি তার গবেষণা ও অভিজ্ঞতার আলোকে কৃষক/কৃষাণীদের দিক নির্দেশনা দেন। ডাল চাষীরা তাদের সফলতার গল্প শোনান। গ্রামের অসচ্ছল পরিবারের কৃষক/কৃষাণী ডাল চাষ করে আর্থিকভাবে সচ্ছল হচ্ছেন এবং তাদের পরিবারের ডালের চাহিদা পূরণ করছেন। এ সফরের মাধ্যমে সকল জেলার কৃষকদের মাঝে পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধি পেয়েছে। এ সফরের মাধ্যমে ডাল চাষে তাদের আগ্রহ অনেকাংশে বৃদ্ধি পাবে।